ইত্তেফাক

তারিখ ... 13.8.83

পৃষ্ঠা ... ১ ... কলাম ...

007

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ইনস্টিটিউট অফ গ্রাফিক আর্টস**
সাতমসজিদ সড়ক, মোহাম্মদপুর, ঢাকা-১৭

# ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি

ইনস্টিটিউট অফ গ্রাফিক আর্টস এর তিন বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-প্রিন্টিং টেকনোলজী কোর্সে ১৯৮৩-৮৪ শিক্ষাবর্ষে ৪০ জন ছাত্র ভর্তির জন্য ইনস্টিটিউট হইতে প্রদানকৃত নির্ধারিত ফরমে ১১-৮-৮৩ ইং হইতে ১-৯-৮৩ ইং পর্যন্ত অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র গ্রহন করা হইবে।

আবেদনপত্র ও ইনফরমেশান গাইড তিন টাকা নগদ মূল্যে ইনস্টিটিউটে পাওয়া যাইবে।

<u>ভর্তির নিমিত্ত আবেদনের জন্য শিক্ষাগত যোগ্যতা</u>

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট, অথবা তার সমমানের কোন পরীক্ষায় প্রার্থীকে মোট নম্বরের ৪৫% এবং অংকে কমপক্ষে ৪৫% নম্বর পাইতে হইবে।

<u>নির্বাচন পদ্ধতি</u> :—

এস.এস.সি. পরীক্ষার নম্বর ও ভর্তি পরীক্ষার নম্বরের উপর ভিত্তি করিয়া কারিগরী শিক্ষা বোর্ডের নীতিমালা অনুযায়ী ভর্তির জন্য মেধা তালিকা প্রনয়ন করা হইবে। বর্তমান বৎসরের পূর্বে এস.এস.সি. পাশ করা ছাত্রদের প্রতি বৎসরের জন্য ৫% নম্বর কর্তন করিয়া এস.এস.সি. এর নম্বর বিবেচনা করা হইবে।

<u>লিখিত পরীক্ষা</u> :—২৮-৯-৮৩ তারিখে শিক্ষাঙ্গনে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

লিখিত পরীক্ষায় অংশ গ্রহনের উপযুক্ত ছাত্রদের নামের তালিকা ৮-৯-৮৩ ইং ইনস্টিটিউট নোটিশ বোর্ডে প্রদান করা হইবে। ১৮-১০-৮৩ হইতে ২৭-১০-৮৩ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ভর্তির উপযুক্ত ছাত্রদিগকে ইনস্টিটিউট নির্ধারিত ফি দিয়া ভর্তি করা হইবে। বিস্তারিত জানার জন্য ইনফরমেশান গাইড যথেষ্ট। তবে প্রয়োজনে রেজিস্ট্রারের নিকট যোগাযোগ করা যাইতে পারে।

এ. এ. ফয়জুল কবির
অধ্যক্ষ,

স-১৫৩২